

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 16-09-2025**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**Swasth Nari, Sashakt Parivar :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল 'সুস্থ নারী, সশক্ত পরিবার' অভিযানের সূচনা করবেন। এই অভিযানের অঙ্গ হিসেবে দেশব্যাপী স্বাস্থ্য শিবিরের আয়োজন, ৮ম রাষ্ট্রীয় পোষণ মাসের উদ্বোধন এবং গর্ভবতী মহিলাদের প্রধানমন্ত্রী মাত্র বন্দনা যোজনার অধীনে সুবিধা প্রদান করা হবে। ভারত জুড়ে মহিলা, কিশোরী এবং শিশুদের স্বাস্থ্যসেবা এবং পুষ্টি পরিষেবা জোরদার করার ক্ষেত্রে এটি একটি ঐতিহাসিক পদক্ষেপ। 'সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান' ২০৪৭ সালের মধ্যে স্বাস্থ্য, পুষ্টি, সুস্থতা এবং একটি বিকশিত ভারতের জন্য প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গিকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে কাজ করবে। এই অভিযান চলবে দোসরা অক্টোবর পর্যন্ত। ভিডিও কনফারেন্সের মাধ্যমে প্রধানমন্ত্রীর উদ্বোধনী অনুষ্ঠান উপলক্ষে আগামীকাল আগরতলা সরকারি মেডিক্যাল কলেজ ও জিবি হাসপাতাল প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা।

\*\*\*\*\*

**DA-JGUA- CM :**

ধরতি আবা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযান (DA-JGUA) প্রকল্পে আদি কর্মযোগী অভিযান বাস্তবায়িত হচ্ছে ত্রিপুরা রাজ্যেও। আগামীকাল প্রজ্ঞাভবনে রাজ্যস্তরের ওরিয়েন্টেশন প্রোগ্রাম এবং স্টেট প্রসেস ল্যাব'র উদ্বোধন করবেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা। রাজ্যের সকল জেলায় এই অভিযানের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১৭ সেপ্টেম্বর থেকে দোসরা অক্টোবর পর্যন্ত গ্রামে গ্রামে সেবা পর্ব অনুষ্ঠিত হবে। প্রতিটি গ্রামে সম্পৃক্ততা

শিবির, বিশেষ গ্রাম সভা, স্বাস্থ্য শিবির, কর্মযোগী অভিযানের স্বচেতনতা শিবিরের আয়োজন করা হবে।

\*\*\*\*\*

### **PM Bihar GST :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, সরকার জিএসটি হারে ব্যাপক হ্রাস করেছে। এই হার নবরাত্রি থেকে কার্যকর হবে। গতকাল বিহারের পূর্ণিয়ার শীশা বদি ময়দানে এক জনসভায় ভাষণ দিতে গিয়ে তিনি বলেন, এর ফলে নিত্যপ্রয়োজনীয় জিনিসপত্রের দাম কমবে, গৃহিনীরা আরও বেশি সাশ্রয় করতে পারবেন কারণ দৈনন্দিন ব্যবহারের পণ্য সস্তা হবে।

##### BYTE PM GST #####

প্রধানমন্ত্রী বলেন, এনডিএ সরকার বিহার, পশ্চিমবঙ্গ এবং আসাম অঞ্চলকে অনুপ্রবেশকারীদের হাত থেকে মুক্ত করতে প্রতিশ্রুতিবদ্ধ। বিহারের জনগণ তাদের দুঃশাসনের জন্য আরজেডি এবং কংগ্রেসকে ক্ষমতার বাইরে রেখেছে। এর আগে প্রধানমন্ত্রী চল্লিশ হাজার কোটি টাকারও বেশি প্রকল্পের উদ্বোধন ও ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।

\*\*\*\*\*

### **PM West Bengal :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল কলকাতায় ভারতীয় সেনাবাহিনীর পূর্বাঞ্চলীয় কমান্ড সদর দপ্তর বিজয় দুর্গে সম্মিলিত কমান্ডারদের সম্মেলন CCC 2025-এ যোগ দিয়েছেন। CCC এর প্রতিপাদ্য হলো 'ভবিষ্যতের জন্য সংস্কার-রূপান্তরের বছর'। এর বিভিন্ন কৌশলগত বিষয় নিয়ে আলোচনা করা হয়েছে। যার মধ্যে রয়েছে বাহিনী আধুনিকীকরণ, যৌথতা, একীকরণ এবং বহু-ক্ষেত্রীয় যুদ্ধের জন্য অপারেশনাল প্রস্তুতি বৃদ্ধি। তিনি অপারেশন সিন্দুরে তাদের সাহসিকতা এবং জাতি গঠনে গুরুত্বপূর্ণ অবদানের জন্য সশস্ত্র বাহিনীর প্রশংসা করেছেন। প্রধানমন্ত্রী ভারতের ভবিষ্যৎ প্রস্তুত

সশস্ত্র বাহিনীর জন্য ভারতীয় সশস্ত্র বাহিনী ভিশন ২০৪৭ নথি উন্মোচন করেন।

\*\*\*\*\*

#### **Tinku Roy :**

২৯তম জাতীয় যুব দিবস ২০২৬ আয়োজনের বিষয়ে গতকাল শহীদ ভগৎ সিং যুব আবাসে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। কেন্দ্রীয় সরকারের যুব বিষয়ক ও ক্রীড়া মন্ত্রকের আর্থিক সহায়তায় এবং রাজ্য যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে এই যুব দিবস পালনের উদ্যোগ নেওয়া হয়েছে। বৈঠকে যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায় বলেন বিকশিত ভারত এবং বিকশিত ত্রিপুরা গঠনের জন্যই এই উৎসবের আয়োজন করা হবে। [www.mygov.in](http://www.mygov.in) পোর্টালে গিয়ে ইচ্ছুক ছেলেমেয়েরা রেজিস্ট্রেশন করতে পারবে।

\*\*\*\*\*

#### **Finance Standing Committee Meeting :**

খোয়াই জিলা পরিষদের কনফারেন্স হলে গতকাল খোয়াই জিলা পরিষদের অর্থ বিষয়ক স্থায়ী কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন জিলা পরিষদের সভাপতি অপরীণা সিংহ রায় দত্ত। তিনি বলেন চলতি অর্থবছরে খোয়াই, কল্যাণপুর ও তেলিয়ামুড়া ব্লকে উন্নয়নমূলক কাজের জন্য আনটাইড ফান্ডে ১৩ লক্ষ ৫৬ হাজার ৩১৯ টাকা এবং টাইড ফান্ডে ১২ লক্ষ ৬৮ হাজার ১৬০ টাকা প্রদান করা হবে। এছাড়াও পঞ্চায়েত উন্নয়ন তহবিলে ৩টি ব্লকে ৬ লক্ষ ৪ হাজার ২৭৪ টাকা প্রদান করা হবে।

\*\*\*\*\*

#### **Operation Theatre :**

উনকোটি জেলার কৈলাশহর RGM মহকুমা হাসপাতাল ও কুমারঘাট মহকুমা হাসপাতালে একটি করে "অপারেশন থিয়েটার" গড়ে তোলার উদ্যোগ নিয়েছে স্বাস্থ্য দপ্তর। জেলা পরিবার কল্যাণ আধিকারিক ডাঃ সঞ্জয় রুদ্রপাল

আকাশবাণীৰ জেলা প্ৰতিনিধিকে জানান, কৈলাশহৰেৰ জন্য নব্বই লক্ষ টাকা এবং কুমাৰঘাটেৰ জন্য ত্ৰিশ লক্ষ টাকা মঞ্জুৰী পাওয়া গেছে।

\*\*\*\*\*

### **State Handloom Expo :**

মণিপুৰ হস্তচালিত তাঁত ও হস্তশিল্প উন্নয়ন কর্পোরেশন লিমিটেডেৰ উদ্যোগ গতকাল অভয়নগৰ পুথিবা দেবতা মন্দিৰে স্টেট হ্যান্ডলুম এক্সপোৰ উদ্বোধন কৰেন মেয়ৰ দীপক মজুমদাৰ। আগামী ১৪ দিন ব্যাপী চলবে এই অনুষ্ঠান।

\*\*\*\*\*

### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। দিনেৰ সৰ্বোচ্চ তাপমাত্ৰা ৩২ ডিগ্ৰি সেলসিয়াস এৰ কাছাকাছি থাকতে পাৰে। আজ ভোৰে সৰ্বনিম্ন তাপমাত্ৰা ছিল ২৫ দশমিক ১ ডিগ্ৰি সেলসিয়াস।

\*\*\*\*\*